

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

প্যাকেজ **ভিত্তিক** বাস্তবায়ন অগ্রগতি

Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ সংশোধিত পরিকল্পনা অনুযায়ী পুরোদমে এগিয়ে চলেছে। সার্বিক গড় অগ্রগতি ৩০.০৫%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের অগ্রগতি ৪৫.৬০%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের অগ্রগতি ২৩.১২%। নিম্নে প্যাকেজ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রদান করা হল:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। Depot এলাকার পূর্ত কাজ আগামি ৩০ শে জুন ২০২০ তারিখে শেষ হবে বলে আশা করা যাচ্ছে। বাস্তব অগ্রগতি ৫০.০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল ও আই-গার্ডার নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৭৬৬টি পাইল ক্যাপ এর মধ্যে ৬৪০ টি পাইল ক্যাপ, ৩৯৩টি পিয়ার হেডের মধ্যে ৩৪০টি পিয়ার হেড এবং ৫,১৪৯টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং-এর মধ্যে ৩১৭৯ টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং নির্মাণ সম্পন্ন হয়েছে। প্রায় ৫.২০ (পাঁচ দশমিক দুই) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। সার্বিক অগ্রগতি ৫০.৫০%।
- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ২১০টি ট্রায়াল ড্রেশের মধ্যে ১৪৯টি ট্রায়াল ড্রেশ সম্পন্ন হয়েছে। ৪৫২টি স্থায়ী বোরড পাইলের মধ্যে ২৩৭টি স্থায়ী বোরড পাইল সম্পন্ন হয়েছে। জাপানের Advance New Technology ব্যবহার করে ১০৪টি স্ক্রু পাইল ফাউন্ডেশনের মধ্যে ২৭টি স্ক্রু পাইল ফাউন্ডেশন সম্পন্ন করা হয়েছে। বাস্তব অগ্রগতি ১০.৭৬%।
- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ কাজ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ২৯৮ টি ট্রায়াল ড্রেশের মধ্যে ২১৬ টি ট্রায়াল ড্রেশ সম্পন্ন হয়েছে। ৬৫২টি স্থায়ী বোরড পাইলের মধ্যে ৩১৬ টি স্থায়ী বোরড পাইল সম্পন্ন হয়েছে। জাপানের Advance New Technology ব্যবহার করে ১৩৮ টি স্ক্রু পাইল ফাউন্ডেশনের মধ্যে ৭০ টি স্ক্রু পাইল ফাউন্ডেশন সম্পন্ন হয়েছে। মোট ১৫১টি পাইল ক্যাপের মধ্যে ০৮টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। বাস্তব অগ্রগতি ১৩.৫৯%।

- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজের আওতায় Definitive Design সম্পন্ন হয়েছে। High Voltage Feeder Cable স্থাপনের জন্য টেস্ট পিট খনন সম্পন্ন হয়েছে। উত্তরা রিসিডিং সাব স্টেশন (RSS) নির্মাণ এবং টঞ্জি ও মানিকনগর গ্রীড সাব স্টেশনে Bay নির্মাণের কাজ চলছে। উত্তরা রিসিডিং সাব স্টেশন ও টঞ্জি গ্রীড সাব স্টেশনের Bay মার্চ ২০২০ মাসে চালু করা হবে। রেলপাথ ও ১৩২ কেভি ক্যাবলস ইতোমধ্যে উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে। রেললাইন বসানোর কাজ অক্টোবর ২০১৯ মাসে শুরু হবে। ৩৩ কেভি ক্যাবলস চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। ভায়াডাক্টের উপর বৈদ্যুতিক স্থাপনার নির্মাণ কাজ অক্টোবর ২০১৯ মাসে শুরু হবে। Ballast এবং Turnout Pre-shipment Inspection (PSI) সম্পন্ন হয়েছে। Track Fastening System, Scissor Cross-over, DC Switchgear & its components ও Sleepers Pre-shipment Inspection এর জন্য বিভিন্ন দেশে প্রস্তুত আছে। বাস্তব অগ্রগতি ১০.০০%।
- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্টের Definitive Design গত ০১ মে ২০১৮ তারিখ এবং Detailed Design ১৩ মার্চ ২০১৯ তারিখ সম্পন্ন হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। আগামি ১৫ জুন ২০২০ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছার জন্য নির্ধারিত আছে। মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trail Run শুরু করা হবে। বাস্তব অগ্রগতি ১৫.০০%।